গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ
(স্থানীয় সরকার শাখা)
***website:*** www.habiganj.gov.bd

স্মারক নং- ০৫.৬০.৩৬০০.০০৪.১০.০০১.১৩- তারিখঃ **/১২/২০১৩** খ্রি.

জেলা উন্নয়ন সমন্বয় কমিটির নভেম্বর'১৩ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : মনীন্দ্র কিশোর মজুমদার
জেলা প্রশাসক
হবিগঞ্জ

সভার তারিখ : ১৭- ১১-২০১৩ খ্রিঃ সময়ঃ বেলা ১০.০০ ঘটিকা

স্থান : জেলা প্রশাসকের সভা কক্ষ

সভায় উপস্থিতি: : পরিশিষ্ট **" ক "**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার কার্যক্রম পরিচালনার জন্য সভাপতি জনাব দিলীপ কুমার বণিক, উপসচিব, উপপরিচালক, স্থানীয় সরকার, হবিগঞ্জকে অনুরোধ করেন। উপপরিচালক, স্থানীয় সরকার, হবিগঞ্জ-এর অনুরোধক্রমে বেগম জেসমিন সুলতানা, সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ বিগত ২০.১০.২০১৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্ত অংশ, সিদ্ধান্তসমূহের বাস্তবায়নের অগ্রগতি ও বাস্তবায়নকারী কর্তৃপক্ষের তথ্য সম্বলিত কার্যপত্রের পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন ।

কার্যবিবরণীতে কোনো সংযোজন-বিয়োজন না থাকায় বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর গত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্ত বায়নের অগ্রগতি পর্যালোচনা এবং বিভিন্ন বিভাগের উন্নয়ন কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়। আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রঃ | আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্তসমূহের বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| আইন-শৃঙ্খলাঃ | | | |
| ১ | <u>পুলিশ বিভাগঃ</u><br>পুলিশ সুপার, হবিগঞ্জ-এর উপস্থিত প্রতিনিধি জানান যে, এ বিভাগের স্বাভাবিক কর্মকান্ড অব্যাহত আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | পুলিশ সুপার, হবিগঞ্জ |
| ২ | **<u>আনসার ও ভিডিপিঃ</u>**<br>জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, হবিগঞ্জ সভায় জানান যে, নিয়মিত কার্যক্রম অব্যাহত আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, হবিগঞ্জ |
| স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহঃ | | | |
| ৩ | <u>জেলা পরিষদঃ</u><br>উপজেলা নির্বাহী অফিসার, চুনারুঘাট, হবিগঞ্জ জানান যে, চুনারুঘাট উপজেলা পরিষদ কমপ্লেক্স অভ্যন্তরে জেলা পরিষদ, হবিগঞ্জ কর্তৃক নির্মিত অডিটরিয়ামটির প্রতিধ্বনির সমস্যা সমাধানের লক্ষ্যে তিনি স্বউদ্যোগে ঢাকা হতে একটি বিশেষজ্ঞ টিম আনিয়েছেন এবং এ টিম মতামতসহ একটি প্রাক্কলন দাখিল করেছেন। তিনি আরো জানান যে, এ টিমের মতে নির্মিত মঞ্চটি সাংস্কৃতিক কোনো অনুষ্ঠানে কাজে লাগবে না কারণ সে লক্ষ্যে এটি নির্মিত নয়। উইংসসহ মঞ্চ নতুনভাবে তৈরি করতে হবে। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, হবিগঞ্জ জানান যে, উপযুক্ত টেকনিশিয়ান অনুসন্ধান চলছে। প্রাক্কলনটি পর্যালোচনা করে অতিদ্রুত পরবর্তী পদক্ষেপ গ্রহণ কর | উপজেলা পরিষদ কমপ্লেক্স, চুনারুঘাট-এ নির্মিত অডিটরিয়ামটির প্রতিধ্বনি সংক্রান্ত সমস্যা সমাধান করার পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, হবিগঞ্জ |
| ৪ | <u>উপজেলা পরিষদঃ</u><br>১. সভাপতির আহবানে উপজেলা নির্বাহী অফিসারগণ নিজ নিজ উপজেলার সার্বিক পরিস্থিতি যথা আইন-শৃঙ্খলা, উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন প্রভৃতি ক্ষেত্রে বাস্তব অবস্থা সভাকে অবহিত করেন। আলোচনায় দেখা যায় যে, আইন-শৃঙ্খলা, উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন প্রভৃতি ক্ষেত্রে সার্বিক অবস্থা ভালো। সভাপতি বলেন যে, সরকার কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্প বিশেষত প্রকৌশল বিভাগের কার্যক্রম যাতে মানসম্মতভাবে নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়িত হয় সে জন্য মনিটরিং জোরদার করতে হবে। এ ছাড়া মাধবপুর চুনারুঘাট ও বাহুবল উপজেলার রেললাইনের নিরাপত্তা নিশ্চিত করার জন্য উপজেলা নির্বাহী অফিসারগণকে থানা, জিআরপি থানা ও জনপ্রতিনিধিদের সাথে নিয়মিত মতবিনিময়সহ যাবতীয় | ১.১ সরকার কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্প মানসম্মতভাবে নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন মনিটরিং জোরদারকরণ করার অনুরোধ করা হয়।<br><br>১.২ মাধবপুর, চুনারুঘাট ও বাহুবল উপজেলার রেললাইনের নিরাপত্তা নিশ্চিত করার জন্য পদক্ষেপ গ্রহণ করার অনুরোধ করা হয়। | ১.১ উপজেলা নির্বাহী অফিসার (সকল), হবিগঞ্জ<br><br>১.২উপজেলা নির্বাহী অফিসার, মাধবপুর, চুনারুঘাট ও বাহুবল, হবিগঞ্জ |


পরের পৃষ্ঠা দ্রষ্টব্য

| | | | |
|---|---|---|---|
| | সতর্কতামূলক পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুনারুঘাট জানান যে, মধ্যবাজারের যানজট নিরসনের নিমিত্ত জেলা পর্যায় হতে কমিটি গঠন করে দেয়া হয়েছে। কিন্তু উপজেলা পর্যায়ে ইতোপূর্বে বহু চেষ্টা করেও এ সমস্যার সমাধান করা সম্ভব হয়নি। সভাপতি বলেন যে, উপজেলা কমিটি যদি বিষয়টির সুরাহা করতে না পারেন তবে উপজেলা কমিটির রিপোর্ট প্রাপ্তির পর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | ২. চুনারুঘাট উপজেলার যানজট নিরসনে গঠিত উপজেলা কমিটি যদি বিষয়টির সুরাহা করতে না পারেন তবে উপজেলা কমিটির রিপোর্ট প্রাপ্তির পর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | ২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুনারুঘাট, হবিগঞ্জ |
| | ৩. উপজেলা নির্বাহী অফিসার , মাধবপুর জানান যে , ঢাকা-সিলেট হাই-ওয়েতে মাধবপুর বাজারের সম্মুখের যানজট সমস্যা নিরসনের নিমিত্তে গঠিত কমিটি কর্তৃক সভা আহ্বান করে আগামী সভায় অগ্রগতি উপস্থাপন করা হবে। | ৩. ঢাকা-সিলেট হাই-ওয়েতে মাধবপুর বাজারের সম্মুখের যানজট সমস্যা নিরসনকল্পে গঠিত কমিটি কর্তৃক সভা আহ্বান করে আগামী সভায় অগ্রগতি উপস্থাপন করার জন্য অনুরোধ করা হয়। | ৩. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/ উপজেলা নির্বাহী অফিসার, মাধবপুর, হবিগঞ্জ |
| | ৪. জনাব মোঃ ফজলুল হক চৌধুরী সেলিম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবীগঞ্জ জানান যে , নবীগঞ্জ-সাকোয়া সড়কটি যান চলাচলের অনুপযোগী ও ঝুকিঁপূর্ণ হয়ে পড়েছে। এটি এখনই মেরামতের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। এ ছাড়া হবিগঞ্জ -নবীগঞ্জ সড়কের সিকন্দরপুর এলাকায় একটি ফিসারি করা হয়েছে যার রাস্তা নষ্ট হয়ে গেছে। এটিও মেরামত করা প্রয়োজন। | ৪.১ নবীগঞ্জ উপজেলার নবীগঞ্জ - সাকোয়া সড়কটি মেরামতের প্রয়োজনীয় ব্যব স্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।<br><br>৪.২ হবিগঞ্জ-নবীগঞ্জ সড়কের সিকন্দরপুরের নষ্ট হয়ে যাওয়া অংশটি মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | ৪.১ নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, হবিগঞ্জ<br><br>৪.২ নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, হবিগঞ্জ |
| | ৫. জনাব মোঃ আঃ কাদির চৌধুরী , চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাহুবল জানান যে, বাহুবল উপজেলার খিল-বামৈ সেচ প্রকল্পে বিদ্যুৎ সংযোগ প্রদানের জন্য লাইন টানতে বিগত বছর যে সমস্যা হয়েছিল ঐ ব্যক্তিকে ক্ষতিপূরণ দেয়া হয়েছে। এ ব ছর লাইন টানতে কোনো সমস্যা হবে না। যথাসময়ে যাতে বিদ্যুৎ পাওয়া যায় সেজন্য তিনি জি. এম. হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির দৃষ্টি আকর্ষণ করেন। | ৫. বাহুবল উপজেলার খিল-বামৈ সেচ প্রকল্পে বিদ্যুৎ সংযোগ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | ৫. জি. এম. হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি |
| ৫ | **<u>পৌরসভাঃ</u>**<br>১. মেয়র, হবিগঞ্জ পৌরসভা জানান যে, অদ্য ১৭/১১/২০১৩ খ্রি. তারিখ পৌরসভার নিজস্ব ড্যাম্পিং সাইটের জন্য ২.২০ একর ভূমি সালামির মাধ্যমে পৌরসভাকে হস্তান্তর করা হয়েছে। এতে গার্বেজ ড্যাম্পিংয়ের পৌরসভার দীর্ঘদিনের সমস্যার সমাধান হল। এ জন্য তিনি জেলা প্রশাসনকে ধন্যবাদ জ্ঞাপন করেন। এ ছাড়া তিনি জানান যে, সরকারি প্রতিষ্ঠানের নিকট বকেয়া ৩১,৬১,৮২৭.৮৫ টাকা ও চলতি ৫১,৬১,৮০৬.১৪ টাকা মোট ৮৩,২৩,৬৩৩.৯৯ টাকা; আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের নিকট বকেয়া ৯৭,৭৩৫.০০ টাকা ও চলতি ৬৬,১৫০.০০ টাকা মোট ১,৬৩,৮৮৫.০০ টাকাসহ মোট ৮৪,৮৭,৫১৮.৯৪ টাকা পাওনা রয়েছে। বকেয়াসহ চলতি পৌরকর পরিশোধের কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য তিনি বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করেন। | ১. বকেয়া কর পরিশোধের কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | ১. বিভাগীয় প্রধান (সংশ্লিষ্ট সকল), হবিগঞ্জ |
| | ২. এ ছাড়া তিনি আরো উল্লেখ করেন যে, জেলা প্রশাসক, হবিগঞ্জ-এর কার্যালয়ের সম্মুখে একটি শিশুপার্ক ছিল কিন্তু এখানে বিভিন্ন স্থাপনা নির্মাণ করায় শিশুদের বিনোদনের কোনো সুযোগ নেই। জায়গা বরাদ্দ দিলে পৌরসভা নিজস্ব অর্থায়নে বা দাতা সংস্থার আনুকূল্যে একটি শিশুপার্ক নির্মাণ করতে চায়। | ২. শিশুপার্কের জন্য বিধিমোতাবেক জায়গার প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হয়। | ২. মেয়র, হবিগঞ্জ পৌরসভা |
| | ৩. মেয়র, হবিগঞ্জ পৌরসভা আরো উল্লেখ করেন যে, বাইপাস সড়কের উভয়পাশে প্রস্তাবিত ড্রেনে পানি | ৩. ---- | |



পরের পৃষ্ঠা দ্রষ্টব্য

| | | | |
|---|---|---|---|
| | নিষ্কাশনের নিমিত্ত লিংক-ড্রেনগুলোর ইতোমধ্যে টেন্ডার কার্যক্রম গ্রহণ করা হয়েছে।<br>৪. মেয়র, হবিগঞ্জ পৌরসভা জানান যে, হবিগঞ্জ-বানিয়াচং সড়কের মৌরাজার মাজারের সংলগ্ন অংশে একটি রোড ডিভাইডার নির্মাণ করার জন্য তিনি দীর্ঘদিন যাবৎ বলে আসছেন। কিন্তু ইদানিং দেখা যাচ্ছে সড়কের জায়গা বেদখল হয়ে যাচেছ। অবৈধভাবে দখল করে মানুষ স্থায়ী স্থাপনা তৈরি করে ফেলছে এমনকি সিএনজি/অটো স্ট্যান্ড, ওয়ার্কশপ তৈরি করেছে।<br><br>৫. তিনি আরো জানান যে, শায়েস্তানগর এলাকার জামিল কমপ্লেক্সর সামনে সড়ক ও জনপথ বিভাগের সড়কের নিচ দিয়ে শায়েস্তানগর এলাকার পানি নিষ্কাশনের জন্য নির্মিত পাইপটি ভারী যানের চাপে বসে গিয়ে পানি নিষ্কাশিত হতে পারছে না। এ জন্য একটি স্থায়ী কালভার্ট নির্মাণ করতে হবে। তিনি এ জন্য সড়ক ও জনপথ বিভাগের অনুমোদন কামনা করেন। | ৪. হবিগঞ্জ-বানিয়াচং সড়কের মৌরাজার মাজারের সংলগ্ন অংশে একটি রোড ডিভাইডার নির্মাণ করার সম্ভাব্যতা যাচাইক্রমে আগামী সভায় অভিমত প্রদানের জন্য অনুরোধ করা হয়।<br><br>৫. শায়েস্তানগর এলাকার জামিল কমপ্লেক্সর সামনে সড়ক ও জনপথ বিভাগের সড়কে কালভার্ট নির্মাণ বিষয়ে বিধিমোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | ৪-৫. নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, হবিগঞ্জ |
| প্রকৌশল ও উন্নয়নঃ | | | |
| ৬ | **গণপূর্ত বিভাগ:**<br>নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, হবিগঞ্জ জানান যে, এ বিভাগের নিয়মিত কর্মকান্ড অব্যাহত আছে। | নিয়মিত কর্মকান্ড অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, হবিগঞ্জ |
| ৭ | **সড়ক ও জনপথ বিভাগ:**<br>নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, হবিগঞ্জ এ বিভাগের নিয়মিত কার্যক্রম অব্যাহত আছে। এ ছাড়া হবিগ শহরের প্রধান সড়কের উভয়পাশের ড্রেন নির্মাণ প্রক্রিয়া চলমান আছে। বরাদ্দ পেলেই কাজ শুরু করা হবে। | হবিগঞ্জ শহরের প্রধান সড়কের উভয়পাশের ড্রেন নির্মাণ করার বরাদ্দ দ্রুত পাওয়ার নিমিত্ত প্রচেষ্টা অব্যাহত রাখার জন্যঅনুরোধ করা হয়। | নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, হবিগঞ্জ |
| ৮ | **বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড:**<br>নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, হবিগঞ্জ-এর পক্ষে উপস্থিত প্রতিনিধি জানান যে, নির্বাহী প্রকৌশলীর পদটি বর্তমানে শূন্য আছে। | নিয়মিত কর্মকান্ড অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বো হবিগঞ্জ |
| ৯ | **এলজিইডি:**<br>নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, হবিগঞ্জ জানান যে, চুনারুঘাট-বাল্লা সড়কটির কাজ আগামী ১ মাসের মধ্যে শেষ হবে। বানিয়াচং-আজমিরীগঞ্জ ভায়া শিবপাশা সড়কটির ৬.১৫ কি.মি. কাজ সম্পন্ন করতে ২৬ কোটি টাকার প্রয়োজন । হাওড় এলাকার মধ্য দিয়ে সড়কটি নির্মাণ করতে হচ্ছে বিধায় এর ব্যয় তুলনামূলকভাবে অনেক বেশি। এটি বিশ্ব ব্যাংকের সক্রিয় বিবেচনায় আছে। বরাদ্দ পেলেই অবশিষ্ট কাজ সম্পাদন করা হবে। তিনি আরো জানান যে, হবিগঞ্জ জেলার মাধবপুর উপজেলার সোনাই নদীতে ২০০০-০১ অর্থ বছরে কৃষি মন্ত্রণালয়ের অর্থায়নে "ক্ষুদ্র ও মাঝারি নদীতে ১০ টি রাবার ড্যাম নির্মাণ" শীর্ষক প্রকল্পের আওতায় ৩১৯.০০ লক্ষ টাকা ব্যয়ে চৌমুহনী নামক স্থানে ৪৫ মিটার দীর্ঘ এবং ২০০২-০৩ অর্থ বছরে বহরা নামক স্থানে ১৩৪.৩৬ লক্ষ টাকা ব্যয়ে ২৮ মিটার দীর্ঘ রাবার ড্যাম নির্মাণ করা হয় যা শুষ্ক মৌসুমে ফসল উৎপাদনে বিশেষ ভূমিকা রাখে । রাবার ড্যামের অবকাঠামোর ভাটি থেকে অবৈধভাবে অবাধে বালু উত্তোলনের ফলে ড্যামের পাটাতনের গোড়া থেকে মাটি সরে যাওয়ায় এবং কয়েকটি স্থানে এর ফলে ১৩/০২/২০১৩ খ্রি. তারিখে দেয়াল/পাটাতন ধ্বসে যায়। উপজেলা নির্বাহী অফিসার, মাধবপুর এবং জেলা প্রশাসক, হবিগঞ্জ-এর ত্বরিৎ কার্যকরী ব্যবস্থা গ্রহণের ফলে এলজিইডি ক্ষতিগ্রস্থ চৌমুহনী রাবার ড্যাম এবং ক্ষতির সম্মুখীন বহরা ড্যাম জাইকা প্রকল্প হতে পুনর্বাসন/ মেরামতের ব্যবস্থা গ্রহণ করা হচ্চে। | যতদ্রুত সম্ভব বানিয়াচং-আজমিরীগঞ্জ ভায়া শিবপাশা সড়কটি যান চলাচলের উপযোগীকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, হবিগঞ্জ |
| ১০ | **জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরঃ**<br>নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, হবিগঞ্জ জানান যে, বানিয়াচং উপজেলার অবশিষ্ট ৭টি টিউবওয়েল বসানোর কাজ শুরু করা হয়েছে। | স্পেসিফিকেশন অনুয়ায়ী টিউবওয়েল বসানোর কাজ সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, হবিগঞ্জ |
| ১১ | **শিক্ষা প্রকৌশল বিভাগঃ**<br>সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল বিভাগ, হবিগঞ্জ জানান যে, আগামী ৩ মাসের মধ্যে বৃন্দাবন সরকারি | বৃন্দাবন সরকারি কলেজের ছাত্রী হোস্টেলের ঠিকাদার কর্তৃক অবশিষ্ট | নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল বিভাগ, |


পরের পৃষ্ঠা দ্রষ্টব্য

| | | | |
|---|---|---|---|
| | কলেজের ছাত্রী হোস্টেলের নির্মাণকাজ সম্পন্ন হবে মর্মে ঠিকাদার আশ্বাস প্রদান করেছেন। | নির্মাণ কাজ দ্রত সম্পন্নকণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণের অনুরোধ করা হয় | হবিগঞ্জ |
| ১২ | **স্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ**<br>এ বিভাগের কর্মকর্তা উপস্থিত না থাকায় কোনো আলোচনা হয়নি। | আগামী সভাসমূহে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | সহকারী প্রকৌশলী স্বাস্থ্য প্রকৌশল বিভাগ মৌলভীবাজার/হবিগঞ্জ |
| **শিক্ষা বিভাগঃ** | | | |
| ১৩ | **মাধ্যমিক শিক্ষা:**<br>জেলা শিক্ষা অফিসার, হবিগঞ্জ-জানান যে, ২০১৪ শিক্ষা বর্ষের মাধ্যমিক পর্যায়ের ৭৮% নতুন বই উপজেলা পর্যায়ে পৌঁছে গেছে। এছাড়াবিভাগের নিয়মিত কার্যক্রম অব্যাহত আছে। | গুদামজাত বইয়ের নিরাপত্তার যথাযথ ব্যবস্থাগ্রহণের জন্যঅনুরোধ করা হয়। | জেলা শিক্ষা অফিসার, হবিগঞ্জ |
| ১৪ | **প্রাথমিক শিক্ষা :**<br>জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, হবিগঞ্জ-এর প্রতিনিধি জানান যে, আগামী ২০ নভেম্বর হতে অনুষ্ঠেয় প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। এছাড়াএ বিভাগের নিয়মিত কার্যক্রম অব্যাহত আছে। | সুষ্ঠুভাবে আসন্ন প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা গ্রহণের সকল প্রস্তুতি গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়। | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, হবিগঞ্জ |
| ১৫ | **পিটিআইঃ**<br>সুপারিনটেনডেন্ট পিটিআই, হবিগঞ্জ-এর উপস্থিত প্রতিনিধি জানান যে, নিয়মিত কার্যক্রম অব্যাহত আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহতরাখার জন্য অনুরোধ করা হয়। | সুপারিনটেনডেন্ট পিটিআই, হবিগঞ্জ |
| ১৬ | **পলিটেকনিক ইনস্টিটিউটঃ**<br>এ বিভাগের কোনো কর্মকর্তা উপস্থিত না থাকায় কোনো আলোচনা করা যায় নি। | আগামী সভাসমূহে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | অধ্যক্ষ, পলিটেকনিক ইনস্টিটিউট, হবিগঞ্জ |
| ১৭ | **যুব উন্নয়ন অধিদপ্তরঃ**<br>উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, হবিগঞ্জ জানান যে৫টি ট্রেডে প্রশিক্ষণ চলছে। এ ছাড়া নিয়মিত কার্যক্রম অব্যাহত আছে | সুষ্ঠুভাবে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা জন্য অনুরোধ করা হয়। | উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, হবিগঞ্জ |
| ১৮ | **উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোঃ**<br>এ বিভাগের কোনো কর্মকর্তা উপস্থিত না থাকায় কোনো আলোচনা করা যায় নি। | আগামী সভাসমূহে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | সহকারী পরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, হবিগঞ্জ |
| **স্বাস্থ্য বিভাগঃ** | | | |
| ১৯ | **সিভিল সার্জনের কার্যালয়**<br>সিভিল সার্জন, হবিগঞ্জ জানান যে, নিয়মিত কার্যক্রম অব্যাহত রয়েছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহতরাখার জন্য অনুরোধ করা হয়। | সিভিল সার্জন, হবিগঞ্জ |
| ২০ | **হবিগঞ্জ আধুনিক সদর হাসপাতালঃ**<br>তত্ত্বাবধায়ক, হবিগঞ্জ আধুনিক সদর হাসপাতাল-এর পক্ষে উপস্থিত প্রতিনিধি অক্টোবর, ২০১৩ মাসে আধুনিক সদর হাসপাতাল কর্তৃক সেবাদানের পরিসংখ্যান সভাকে অবহিত করেন। তিনি জানান যে, হাসপাতালের ধারণক্ষমতার চেয়ে দুই/তিনগুণ রোগী থাকায় সেবার মান বজায় রাখা সম্ভব হচ্ছে না। তবে বিদ্যমান সম্পদ ও জনবল নিয়ে সেবার মানবৃদ্ধির প্রচেষ্টা অব্যাহত আছে। | হবিগঞ্জ আধুনিক সদর হাসপাতালের সেবার মান বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | তত্ত্বাবধায়ক, হবিগঞ্জ আধুনিক সদর হাসপাতাল |
| ২১ | **পরিবার পরিকল্পনা অধিদপ্তরঃ**<br>উপপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, হবিগঞ্জ জানান যে, নিয়মিত কার্যক্রম অব্যাহত রয়েছে। | নিয়মিত কর্মকান্ড অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয় । | উপপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, হবিগঞ্জ |
| ২২ | **নার্সিং ইনস্টিটিউটঃ**<br>প্রিন্সিপাল/নার্সিং ইন্সট্রাক্টর ইনচার্জ, নার্সিং ইনস্টিটিউট, হবিগঞ্জ সভায় জানান যে, নিয়মিত কার্যক্রম অব্যাহত রয়েছে। | নিয়মিত কর্মকান্ড অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয় । | প্রিন্সিপাল/নার্সিং ইন্সট্রাক্টর ইনচার্জ, নার্সিং ইনস্টিটিউট, হবিগঞ্জ |
| **কৃষি বিভাগঃ** | | | |
| ২৩ | **কৃষি সম্প্রসারণ অধিদপ্তরঃ**<br>১. অক্টোবর, ২০১৩ মাসের সিদ্ধান্তমতে বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার-১৪১৮ অর্জন করায় জনাব আমজাদ খাঁন, | | |

| | | | |
|---|---|---|---|
| | পিতাঃ হরমুজ খান, সাং-মাধবপুর, হবিগঞ্জকে সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়। জনাব আমজাদ খাঁন, তার কৃষি পণ্য উৎপাদন ও বিপণন সম্পর্কে সভাকে অবহিত করেন এবং খামার পরিদর্শন করার আহ্বান জানান।<br>২. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, হবিগঞ্জ বলেন যে, ৬৭,৩৬০ হেক্টর জমিতে রোপা আমন আবাদ করা হয় । সার ও খাদ্য পরিস্থিতি ভালো এবং ২০১২-১৩ অর্থবছরে ২,৬০,২৪৭ মেঃ টন খাদ্য উদ্বৃত্ত হয়েছে এবং নিয়মিত কর্মকান্ড অব্যাহত আছে মর্মে সভাকে তিনি অবহিত করেন। | ২. বোরো বীজের ভেজাল সম্পর্কে সর্বোচ্চ প্রচারণার জন্য সকলকে অনুরোধ করা হয় । | ২. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, হবিগঞ্জ |
| ২৪ | **বিএডিসি (সেচ)**<br>নির্বাহী প্রকৌশলী, বিএডিসি (সেচ), হবিগঞ্জ জানান যে, এ বিভাগের নিয়মিত কার্যক্রম অব্যাহত রয়েছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | নির্বাহী প্রকৌশলী, বিএডিসি (সেচ), হবিগঞ্জ |
| ২৫ | **বিএডিসি (বীজবিপণন)**<br>এ বিভাগের কর্মকর্তা উপস্থিত না থাকায় কোনো আলোচনা হয়নি। | আগামী সভাসমূহে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | সহকারী পরিচালক, বিএডিসি , হবিগঞ্জ |
| ২৬ | **বনবিভাগঃ**<br>ফরেস্ট রেঞ্জার, হবিগঞ্জ জানান যে,এ বিভাগের নিয়মিত কার্যক্রম অব্যাহত রয়েছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | ফরেস্ট রেঞ্জার, হবিগঞ্জ |
| ২৭ | **ধান গবেষণা ইনস্টিটিউটঃ**<br>মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, ধান গবেষণা ইনস্টিটিউট, নাগুরা হবিগঞ্জজানান যে,এ বিভাগের নিয়মিত কার্যক্রম অব্যাহত রয়েছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, ধান গবেষণা ইনস্টিটিউট, নাগুরা, হবিগঞ্জ |
| ২৮ | **বাংলাদেশ ফার্টিলাইজার এসোসিয়েশনঃ**<br>সভাপতি, বাংলাদেশ ফার্টিলাইজার এসোসিয়েশন, হবিগঞ্জ জানান যে, শীঘ্রই সারের পিক-সিজন শুরু হবে । তখন যাতে পরিবহণ সমস্যা না হয় সেজন্য পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। | সারের পিক-সিজনে যাতে পরিবহন সমস্যা না হয় সেজন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়। | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, হবিগঞ্জ/সভাপতি, বাংলাদেশ ফার্টিলাইজার এসোসিয়েশন, হবিগঞ্জ |
| ২৯ | **জেলা প্রাণিসম্পদ অধিদপ্তরঃ**<br>জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, হবিগঞ্জ-এর পক্ষে উপস্থিত প্রতিনিধি জানান যে, এ বিভাগের নিয়মিত কার্যক্রম অব্যাহত রয়েছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, হবিগঞ্জ |
| ৩০ | **জেলা মৎস্য অধিদপ্তরঃ**<br>জেলা মৎস্য কর্মকর্তা, হবিগঞ্জ জানান যে, মৎস্য অধিদপ্তরের আওতায় সারাদেশে জেলেদের নিবন্ধন ও পরিচয়পত্র প্রদান কার্যক্রমের আওতায় হবিগঞ্জ জেলার আজমিরীগঞ্জ, নবীগঞ্জ, বানিয়াচং, মাধবপুর, লাখাই ও হবিগঞ্জ সদর উপজেলায় জেলেদের তালিকা প্রণয়ন কাজ চলছে। তিনি সঠিক তালিকা প্রণয়নে সকলের সহযোগিতা কামনা করেন। | সংশ্লিষ্ট সকলের সহযোগিতার জন্য অনুরোধ করা হয়। | জেলা মৎস্য কর্মকর্তা, হবিগঞ্জ/সংশ্লিষ্ট সকল |
| **সামাজিক নিরাপত্তাঃ** | | | |
| ৩১ | **সমাজসেবা অধিদপ্তরঃ**<br>উপপরিচালক,সমাজসেবা অধিদপ্তর, হবিগঞ্জ জানান যে, বয়স্ক ভাতা, প্রতিবন্ধী ভাতা, বিধবা ও স্বামী পরিত্যাক্তা দুঃস্থ মাতা ভাতা, মুক্তিযোদ্ধা সম্মানীভাতা, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি প্রদান বিধিমোতাবেক সম্পন্ন করা হচেছ। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখা এবং বিধিমোতাবেক ভাতা প্রদান কার্যক্রম সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, হবিগঞ্জ |
| ৩২ | **প্রতিবন্ধী বিষয়ক কার্যক্রমঃ**<br>জেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, হবিগঞ্জ জানান যে, এ বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | জেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, হবিগঞ্জ |
| ৩৩ | **বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডঃ**<br>উপপরিচালক, বিআরডিবি, হবিগঞ্জ জানান যে, বিআরডিবি'র মাধ্যমে হবিগঞ্জ জেলায় ১১ টি প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। এ সব প্রকল্পে ৬৭,৮৮৯ জন সদস্যের ২,৫৬৩ টি সমিতি/দল গঠিত হয়েছে যারা অক্টোবর, ২০১৩ মাস পর্যন্ত ০.৫৯ লক্ষ টাকা শেয়ার ও ৬.৮৫ লক্ষ টাকা সঞ্চয় জমা করেছে। এ পর্যন্ত ঋণ বিতরণ | লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রতি উপজেলায় ঋণ বিতরণ ও আদায় নিশ্চিতকরণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | উপপরিচালক বিআরডিবি, হবিগঞ্জ/ উপজেলা নির্বাহী অফিসার (সকল), হবিগঞ্জ |


পরের পৃষ্ঠা দ্রষ্টব্য

| | | | |
|---|---|---|---|
| | করা হয়েছে ৯,০৪০.৯৭ লক্ষ টাকা এবং আদায় হয়েছে ৮১৫৫.৩৬৫ লক্ষ টাকা, আদায়ের হার ৮৯% ।<br>২. এ ছাড়া তিনি আরো জানান যে, একটি বাড়ি একটি খামার প্রকল্পের অধীনে জেলাধীন ৮টি উপজেলায় অক্টোবর, ২০১৩ পর্যন্ত ৩১.৫০ লক্ষ টাকা সঞ্চয় এবং সমপরিমাণ অর্থ বোনাস সঞ্চয় হিসেবে প্রদান করা হয়েছে । এ ছাড়া প্রকল্প হতে ৮টি উপজেলায় ১৫৪.৮৮ লক্ষ টাকা ঋণ তহবিল প্রদান করা হয়েছে। ৮টি উপজেলায় প্রকল্পটি সন্তোষজনকভাবে এগিয়ে চলছে। | | |
| ৩৪ | **জেলা সমবায় বিভাগঃ**<br>জেলা সমবায় অফিসার, জানান যে, এ বিভাগের নিয়মিত কর্মকান্ড অব্যাহত আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | জেলা সমবায় অফিসার, হবিগঞ্জ |
| ৩৫ | **জেলা সঞ্চয় ব্যুরোঃ**<br>জনাব মোহাম্মদ গোলাম মোস্তফা সিদ্দিকী, সহকারী পরিচালক, জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, হবিগঞ্জ জানান যে, জুলাই, ২০১৩ হতে অক্টোবর, ২০১৩ পর্যন্ত সময়ে (১) ৫-বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্রে ২৮.৭৫ লক্ষ টাকা (২) ৩-মাস অন্তর মুনাফাভিত্তিক সঞ্চয়পত্র ২৩৩.০০ লক্ষ টাকা (৩) পেনশনার সঞ্চয় পত্রে ৩৬.৫০ লক্ষ টাকা এবং (৪) পরিবার সঞ্চয় পত্রে ৩১৫.৪০ লক্ষ টাকা সঞ্চয় অগ্রগতি হয়েছে। | সঞ্চয়বৃদ্ধির প্রচারণাসহ সেবার মান বৃদ্ধির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে র জন্য অনুরোধ করা হয়। | সহকারী পরিচালক, জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, হবিগঞ্জ |
| **সেবাঃ** | | | |
| ৩৬ | **বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডঃ**<br>নির্বাহী প্রকৌশলী বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, হবিগঞ্জ-এর উপস্থিত প্রতিনিধি জানান যে, নিরবচ্ছিন্নভাবে বিদ্যুৎ সরবরাহ করার জন্য সকল ধরনের প্রচেষ্টা গ্রহণ করা হয়েছে। এ ছাড়া এ বিভাগের নিয়মিত কর্মকান্ড অব্যাহত ত | বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক ও নিরবচ্ছিন্ন রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়। | নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, হবিগঞ্জ |
| ৩৭ | **হবিগঞ্জ পল্লীবিদ্যুৎ সমিতিঃ**<br>উপজেলা নির্বাহী অফিসার, লাখাই জানান যে, মুড়াকরি ইউনিয়ন স্বাস্থ্য কমপ্লেক্সে ২৪ ঘণ্টা ডেলিভারি সুবিধা আছে কিন্তু ২০০1 আবেদন করার পরও এ পর্যন্ত বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়নি। অথচ হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির বিধিমতে সকল ধরনের ফি পরিশোধ করা হয়েছে। সভাপতি বলেন যে, এ বিষয়টির সাথে প্রত্যন্ত অঞ্চলের সুবিধা বঞ্চিত মানুষের স্বাস্থ্যসেবার বিষয়টি জড়িত। এটি বিশেষ বিবেচনার দাবী রাখে। জি. এম. হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি বলেন যে বিষয়টি তিনি ব্যক্তিগতভাবে তদারকী করবেন। তবে সংস্থাটির পক্ষ হতে যোগাযোগ করা হলে আরো ভালো হয়।<br>২. জি. এম. হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি আরো জানান যে, অক্টোবর-২০১৩ মাসে ১,৩৩২ টি নতুন সংযোগ প্রদান করা হয়েছে এবং ৮টি উপজেলায়ই নতুন লাইন নির্মাণও হচ্ছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | ১. লাখাই উপজেলার মুড়াকরি ইউনিয়ন স্বাস্থ্য কমপ্লেক্সের বিদ্যুৎ সংযোগ প্রদানের সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন হয়ে থাকলে দুর্গত এলাকাবাসীর জনস্বার্থ বিবেচনায় জরুরীভিত্তিতে সংযোগ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়।<br>২. বিধিমোতাবেক নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | জি. এম. হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি |
| ৩৮ | **বিটিসিএলঃ**<br>বিভাগীয় প্রকৌশলী , বিটিসিএল, হবিগঞ্জ-এর পক্ষে উপস্থিত প্রতিনিধি জানান যে, এ বিভাগের নিয়মিত কর্মকান্ড অব্যাহত আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | বিভাগীয় প্রকৌশলী, বিটিসিএল, হবিগঞ্জ |
| ৩৯ | **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সঃ**<br>এ বিভাগের কর্মকর্তা উপস্থিত না থাকায় কোনো আলোচনা হয়নি। | আগামী সভাসমূহে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, হবিগঞ্জ |
| ৪০ | **খাদ্য বিভাগঃ**<br>জেলা খাদ্য নিয়ন্ত্রক, হবিগঞ্জ জানান যে, এ বিভাগের নিয়মিত কর্মকাণ্ড অব্যাহত আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | জেলা খাদ্য নিয়ন্ত্রক, হবিগঞ্জ |
| ৪১ | **জেলা ত্রাণ ও পুনর্বাসন বিভাগঃ**<br>জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, হবিগঞ্জ জানান যে, এ বিভাগের নিয়মিত কর্মকাণ্ড অব্যাহত আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, হবিগঞ্জ |
| ৪২ | **জালালাবাদ গ্যাসঃ** | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার | ম্যানেজার, জালালাবাদ |


পরের পৃষ্ঠা দ্রষ্টব্য

| | | | |
|---|---|---|---|
| | ম্যানেজার, জালালাবাদ গ্যাস, হবিগঞ্জ জানান যে, এ বিভাগের নিয়মিত কর্মকান্ড অব্যাহত আছে। | জন্য অনুরোধ করা হয়। | গ্যাস, হবিগঞ্জ |
| ৪৩ | **ইসলামিক ফাউন্ডেশনঃ** উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, হবিগঞ্জ জানান যে, এ বিভাগের নিয়মিত কর্মকান্ড অব্যাহত আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, হবিগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| ৪৪ | **হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্টঃ** সহকারী পরিচালক, হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট, হবিগঞ্জ জানান যে, এ বিভাগের নিয়মিত কর্মকাণ্ড অব্যাহত আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | সহকারী পরিচালক, হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট, হবিগঞ্জ |
| ৪৫ | **জেলা মহিলাবিষয়ক অধিদপ্তরঃ** জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, হবিগঞ্জ জানান যে, এ বিভাগের নিয়মিত কর্মকান্ড অব্যাহত আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, হবিগঞ্জ |
| ৪৬ | **জেলা শিশুবিষয়ক কর্মকর্তার কার্যালয়ঃ** এ বিভাগের কর্মকর্তা উপস্থিত না থাকায় কোনো আলোচনা হয়নি। | আগামী সভাসমূহে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, হবিগঞ্জ |
| ৪৭ | **জেলা রেজিস্ট্রারঃ** এ বিভাগের কর্মকর্তা কিংবা কোনো প্রতিনিধি উপস্থিত না থাকায় কোনো আলোচনা হয়নি। | আগামী সভাসমূহে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | জেলা রেজিস্ট্রার, হবিগঞ্জ |
| ৪৮ | **বিসিকঃ** এজিএম, বিসিক, হবিগঞ্জ সভায় জানান যে, এ বিভাগের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রয়েছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | সহকারী মহাব্যবস্থাপক, বিসিক, হবিগঞ্জ |
| ৪৯ | **জেলা তথ্য অফিসঃ** জেলা তথ্য অফিসার, হবিগঞ্জ জানান যে, এ বিভাগের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রয়েছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | জেলা তথ্য অফিসার, হবিগঞ্জ |
| ৫০ | **পরিসংখ্যান অধিদপ্তরঃ** বিভাগীয় পরিসংখ্যান কর্মকর্তা, সিলেট-এর উপস্থিত প্রতিনিধি হবিগঞ্জ জানান যে, এ বিভাগের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রয়েছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | বিভাগীয় পরিসংখ্যান কর্মকর্তা, সিলেট |
| ৫১ | **আয়কর বিভাগঃ** উপ-কর কমিশনার, হবিগঞ্জ জানান যে, এ বিভাগের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রয়েছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপ-কর কমিশনার, হবিগঞ্জ |
| ৫২ | **কাস্টমস্ বিভাগঃ** তত্ত্বাবধায়ক, কাস্টম্‌স এন্ড ভ্যাট এক্সাইজ ডিউটিস, হবিগঞ্জ জানান যে, এ বিভাগের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রয়েছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | তত্ত্বাবধায়ক, কাস্টম্‌স এন্ড ভ্যাট এক্সাইজ ডিউটিস, হবিগঞ্জ |
| ৫৩ | **বিএসটিআইঃ** এ বিভাগের কর্মকর্তা কিংবা কোনো প্রতিনিধি উপস্থিত না থাকায় কোনো আলোচনা হয়নি। | সভায় নিয়মিতভাবে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | সহকারী পরিচালক, বিএসটিআই, সিলেট |
| ৫৪ | **জেলা ক্রীড়া অফিসঃ** এ বিভাগের কর্মকর্তা কিংবা কোনো প্রতিনিধি উপস্থিত না থাকায় কোনো আলোচনা হয়নি। | সভায় নিয়মিতভাবে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | জেলা ক্রীড়া কর্মকর্তা, হবিগঞ্জ |
| ৫৫ | **পানি সম্পদ পরিকল্পনা সংস্থাঃ** মন্ত্রণালয় হতে প্রতিনিধি সভায় যোগদান করার কথা । | ---- | উপপরিচালক, স্থানীয় সরকার, হবিগঞ্জ |
| **নিয়মিত আলোচ্য বিষয়:** | | | |
| ৫৬ | Front Desk: সভাপতি জানান যে, জেলা প্রশাসকের কার্যালয়ের সকল শাখা LANএবংইন্টারনেট সুবিধার আওতায় আনা হয়েছে। তিনি আরো জানান, ২৬ ফেব্রুয়ারি, ২০১২ খ্রি. হতে ডিজিটাল প্রযুক্তিতে সকল ধরনের নকল, জেলা ই-সেবা কেন্দ্র হতে সরবরাহ করার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। জেলা ই-সেবা কেন্দ্রের কার্যক্রম মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের *সাপোর্ট ফর ডিজিটাল বাংলাদেশ* প্রকল্প হতে সরাসরি মনিটরিং করা হচ্ছে। | ডিজিটাল প্রযুক্তিতে সেবা প্রদান কার্যক্রম সফলভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সহকারী কমিশনার, আইসিটি শাখা/রেকর্ডরুম শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ |
| ৫৭ | উন্নয়ন প্রকল্প পরিদর্শন ও অগ্রগতি আলোচনাঃ মাঠ পর্যায়ে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ পরিদর্শন ও প্রাক্কলন অনুযায়ী প্রকল্প বাস্তবায়িত হচ্ছে কি না তা তদারক বিষয়ে আলোচনা হয়। | বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ পরিদর্শন ও তদারক করার জন্য জনপ্রতিনিধি, উপজেলা নির্বাহী কর্মকর্তাসহ সকল বিভাগীয় প্রধানকে অনুরোধ করা হয়। | জনপ্রতিনিধি/ বিভাগীয় প্রধান (সকল), হবিগঞ্জ |
| ৫৮ | পদ্মা সেতু: সভাপতি বলেন যে, পদ্মা সেতু প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে অভ্যন্তরীণ উৎস হতে অর্থ সংগ্রহের বিষয়ে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। এ বিষয়ে হবিগঞ্জ | পদ্মা সেতু প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে অভ্যন্তরীণ উৎস হতে অর্থ সংগ্রহের বিষয়ে সকলের সার্বিক সহযোগিতা | সংশ্লিষ্ট সকল |



পরের পৃষ্ঠা দ্রষ্টব্য

| | | | |
|---|---|---|---|
| | জেলার সকলের সহযোগিতা কামনা করা হয়। | প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৫৯ | **বিবিধঃ**<br>১. সভাপতি জেলার নির্বাচন প্রস্তুতি সম্পর্কে জানতে চাইলে জেলা নির্বাচন অফিসার, হবিগঞ্জ জানান যে, কেন্দ্র নির্বাচন, পোলিং অফিসার নিয়োগসহ যাবতীয় কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। তিনি জানান যে, জেলার সম্ভাব্য ভোট কেন্দ্র ৬৩০টি , প্রিসাইডিং অফিসার ৬৩০ জন, সহকারী প্রিসাইডিং অফিসার ২৫৭১ জন এবং পোলিং অফিসার ৫১৪২ জন প্রয়োজন হবে। সভাপতি বলেন যে, কেন্দ্র নির্বাচন, প্রিসাইডিং অফিসার/সহকারী প্রিসাইডিং অফিসার/পোলিং অফিসার বাছাই ও নিয়োগ এমনভাবে করতে হবে যেন মনোনীত ব্যক্তি সম্পর্কে কোনো ধরনের বিতর্ক উঠতে না পারে। নিরপেক্ষ ব্যক্তি হিসাবে সুনাম আছে এমন দক্ষ লোকদের নিয়োগ করতে হবে। | ১. আসন্ন নির্বাচন কাজে সৎ, যোগ্য ও নিরপেক্ষ ব্যক্তিদের বিভিন্ন দায়িত্বে নিয়োজিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | ১. উপজেলা নির্বাহী অফিসার (সকল) হবিগঞ্জ/জেলা নির্বাচন অফিসার, হবিগঞ্জ |
| | ২. উপজেলা নির্বাহী অফিসার, লাখাই জানান যে, এ উপজেলায় নির্বাচনী দায়িত্ব পালনের জন্য ৪৩ জন কর্মকর্তার দরকার কিন্তু ৩০ জন কর্মকর্তা রয়েছেন। উপজেলা নির্বাহী অফিসার, আজমিরীগঞ্জও জানান যে, কর্মকর্তার তীব্র সংকট রয়েছে। এ ছাড়া নির্বাচন অফিসে শুধু একজন এমএলএসএস আছেন। অন্য উপজেলার অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত উপজেলা নির্বাচন অফিসার আজমিরীগঞ্জ উপজেলারও অতিরিক্ত দায়িত্ব পালন করছেন অর্থাৎ তিনি ৩টি উপজেলার নির্বাচনী কাজের জন্য দায়িত্বপ্রাপ্ত। পার্শ্ববর্তী উপজেলা বানিয়াচং হতে কোনো কর্মকর্তাকে অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হলে সুবিধাজনক হবে। সভাপতি বলেন যে, বিশেষত লাখাই ও আজমিরীগঞ্জ উপজেলায় কর্মকর্তা সংকট রয়েছে। এ বিষয়টি উল্লেখ করে জেলা প্রশাসক বরাবরে পত্র লিখা উচিত। | ২. লাখাই/আজমিরীগঞ্জ ও উপজেলায় কর্মকর্তা সংকটের বিষয়টি উল্লেখ করে জেলা প্রশাসক বরাবরে পত্র লিখার অনুরোধ করা হয়। | ২. উপজেলা নির্বাহী অফিসার, লাখাই/ আজমিরীগঞ্জ, হবিগঞ্জ |
| | ৩. সভাপতি বলেন যে, ইসকন মন্দিরের প্রবেশপথে একটি মদের পাট্টা আছে। এ পথটি দিয়ে এলাকার স্কুলগামী ছাত্রীসহ মহিলারা নানা ধরনের টিজিংয়ের শিকার হন বিশেষত সন্ধ্যায় মদ্যপদের আনাগোনা বেড়ে যায়। তখন এ পথে চলাচল অস্বস্তিকর ও ভীতকর হয়ে পড়ে বলে এলাকাবাসী দীর্ঘদিন ধরে এটি অন্যত্র সরিয়ে নেয়ার দাবী জানিয়ে আসছেন। বিষয়টি সভায় বিস্তারিত আলোচনা হয়। তত্ত্বাবধায়ক, মাদকদ্রব্য অধিদপ্তর, হবিগঞ্জ বলেন যে, এ ধরনের একটি অভেযোগের প্রেক্ষিতে তিনি সরেজমিনে দেখেছেন। অনতিবিলম্বে প্রতিবেদন জমা দেয়া হবে। আবাসিক এলাকায় এ ধরনের দোকান থাকা উচিত নয় বলে সকলেই মত প্রকাশ করেন। | ৩. হবিগঞ্জ শহরের পৌর গরুর বাজারের সন্নিকটে ইসকন (নরসিংহের আখড়া) মন্দিরের প্রবেশপথের পাশে অবস্থিত মদের পাট্টা অন্যত্র সরিয়ে নেওয়ার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | ৩. পুলিশসুপার, হবিগঞ্জ/বিজ্ঞ অতিরিক্তজেলাম্যাজিস্ট্রেট, হবিগঞ্জ/তত্ত্বাবধায়ক, মাদকদ্রব্য অধিদপ্তর, হবিগঞ্জ |
| | ৪. অনুসন্ধানী ও বিশ্লেষণধর্মী প্রতিবেদনের জন্য ৯ জন সাংবাদিককে পুরস্কৃত ক রেছে বাংলাদেশে কানাডীয় হাইকমিশন ও বেসরকারি সংস্থা সেন্টার ফর ডেভেলপমেন্ট জার্নালিজমঅ্যান্ডকমিউনিকেশন (বিসিডিজেসি) "কানাডিয়ান অ্যাওয়ার্ডস ফর এক্সিলেন্স ইন বাংলাদেশ জার্নালিজম অ্যাওয়ার্ড-২০১২"পুরস্কারপ্রাপ্তদের মধ্যে কালের কণ্ঠের সিনিয়র রিপোর্টার জনাব অভিজিত ভট্টাচার্য রয়েছেন। অনুসন্ধানী প্রতিবেদন তৈরিতে বিশেষ অবদান রাখায় বাহুবল উপজেলার কৃতি সন্তান জনাব অভিজিৎ ভট্টাচার্যকে জেলা প্রশাসনের পক্ষ হতে সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়। | ৪. --------- | ৪. --------- |

আর কোনো আলোচ্য বিষয় না থাকায় গঠনমূলক আলোচনার জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

(মনীন্দ্র কিশোর মজুমদার)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা উন্নয়ন সমন্বয় কমিটি, হবিগঞ্জ
ফোন ০৮৩১ ৬২১০০
ফ্যাক্স ০৮৩১ ৬১২০৫
**email**: dchabiganj@mopa.gov.bd

পরের পৃষ্ঠা দ্রষ্টব্য

স্মারক নং-০৫.৬০.৩৬০০.০০৪.১০.০০১.১৩- তারিখঃ **/১২/২০১৩** খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
৩. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/পানি সম্পদ মন্ত্রণালয়/স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. সচিব, বিজ্ঞান, তথ্য ও যোগাযোগ-প্রযুক্তিমন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার পলস্নী উন্নয়ন ও সমবায় মন্ত্রণলয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণলয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯. সচিব, সড়ক ও রেলপথ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১. সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১২. সচিব, গৃহায়ণ ও পূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩. সচিব, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৪. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৫. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৬. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৭. সচিব, জ্বালানী ও খনিজসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৮. সচিব, মৎস্য ও পশুসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৯. সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২০. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
২১. চেয়ারম্যান, বিটিসিএল, ঢাকা
২২. চেয়ারম্যান, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা
২৩. চেয়ারম্যান, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন, বিসিক, ঢাকা
২৪. মহা-পরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ৫ কারওয়ান বাজার, ঢাকা
২৫. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, সেকশন-২, ঢাকা-১২১৬
২৬. মহা-পরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা, (বাড়ি-১০৩, সড়ক-১, বনানী, ঢাকা-১২১৩), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৭. মহা-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
২৮. মহা-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা
২৯. সচিব, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ১/আই, পরিবাগ রমনা, ঢাকা
৩০. প্রকল্প পরিচালক, একটি বাড়ি একটি খামার প্রকল্প, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগপল্লী, ভবন (৬ষ্ঠ তলা), ৫ কারওয়ান বাজার, ঢাকা
৩১. কো-অর্ডিনেটর, ক্লাইমেট চেঞ্জ ইউনিট, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বায়তুল ভিউ টাওয়ার, ১৬ তলা, ৫৬/১, পুরানা পল্টন, ঢাকা-১০০০

স্বাক্ষরিত/-

(দিলীপ কুমার বণিক)
উপসচিব
উপপরিচালক, স্থানীয় সরকার
হবিগঞ্জ

স্মারক নং-০৫.৬০.৩৬০০.০০৪.১০.০০১.১৩- তারিখঃ **/১২/২০১৩** খ্রি.

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. পুলিশ সুপার, হবিগঞ্জ
২. সিভিল সার্জন, হবিগঞ্জ
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আজমিরীগঞ্জ/চুনারুঘাট/নবীগঞ্জ/বাহুবল/বানিয়াচং/মাধবপুর/লাখাই/হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
৪. অতিরিক্ত জেলা প্রশাসক (সাঃ/রাঃ)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, হবিগঞ্জ
৫. ..................................................................................বিভাগীয় প্রধান (সকল), হবিগঞ্জ
৬. উপজেলা নির্বাহী অফিসার, আজমিরীগঞ্জ/চুনারুঘাট/নবীগঞ্জ/বাহুবল/বানিয়াচং/মাধবপুর/লাখাই/হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
৭. সহকারী কমিশনার (গোপনীয় )/সাধারণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ
৮. ..........................................................................................(সংশ্লিষ্ট সকল), হবিগঞ্জ

স্বাক্ষরিত/-

y

উপপরিচালক, স্থানীয় সরকার
হবিগঞ্জ

পরের পৃষ্ঠা দ্রষ্টব্য

## পরিশিষ্ট- ‘ক’ উপস্থিত সদস্যবৃন্দ (অক্টোবর-’২০১৩)

| নং | নাম | পদবী | টেলিফোন | মোবাইল | ই-মেইল/ওয়েবসাইট |
|---|---|---|---|---|---|
| ১. | জনাব কামরুল আমীন | পুলিশ সুপার | ৫৩১০১<br>ফ্যাক্স: ৫৩১০৪ | ০১৭১৩ ৩৭৪৩৯৩ | aminq-1984@yahoo.com |
| ২. | জনাব ডা: মুশফিক হুসেন চৌধুরী | প্রশাসক, জেলা পরিষদ | ৫২৩১৮ | ০১৭১১ ১১৩৮৭১ | |
| ৩. | জনাব মোঃ আফতাব আলী | প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ | ৫২৩৮২ | ০১৭৩০ ৩৩১১৭৮ | ceo@zphabiganj.org |
| ৪. | জনাব দিলীপ কুমার বণিক (উপসচিব) | উপপরিচালক, স্থানীয় সরকার, হবিগঞ্জ | ৬৩৩৩৬ | ০১৭২০ ৪০৩৯৩৭ | |
| ৫. | জনাব বিজিত কুমার ভট্টাচার্য্য | অধ্যক্ষ, বৃন্দাবন সরকারি কলেজ | ৬২৩২১ | ০১১৯৯ ৩৭৬৬০৯ | brindabangov.college@yahoo.com |
| ৬. | জনাব প্রফেসর জাহানারা খাতুন | অধ্যক্ষ, সরকারি মহিলা কলেজ | ৫৪২৫৬ | ০১৯১৯ ৮১৩৫২১ | hgm.college@yahoo.com |
| ৭. | জনাব আলহাজ্ব জি. কে. গউছ | মেয়র, হবিগঞ্জ পৌরসভা | ৬২৩১০ (অফিস)<br>৬২৯৯৯ (বাসা)<br>৬২২২৩ (ফ্যাক্স) | ০১৭৩৩ ৯৭৫৫৫৫ | www.habiganjpsbd.org<br>mayor@habiganjpsbd.org |
| ৮. | জনাব ডাঃ সফিকুর রহমান | সিভিল সার্জন | ৬২০০২<br>৬২০০৩ | ০১৭১১ ৭০০৫৮৩ | habiganj@cs.dghs.gov.bd |
| ৯. | জনাব হরিপদ রায় | তত্ত্বাবধায়ক, হবিগঞ্জ আধুনিক সদর হাসপাতাল | | ০১৭১১ ১১৯৮২৩ | |
| ১০. | জনাব মোহাম্মদ বদরুল আলম খান | নির্বাহী গণপূর্ত অধিদপ্তর | ৬২৫৯১ | ০১৭১১ ২৪৬৪০৮ | ee_hobi@pwd.gov.bd |
| ১১. | জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম | নির্বাহী প্রকৌশলী, সওজ | ৬৩০৪৫<br>ফ্যাক্স: ৬৩২৬৯ | ০১৭৩০ ৭৮২৬৭৪ | eehabi@rhd.gov.bd |
| ১২. | জনাব মোঃ রবিউল ইসলাম | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি | অফিস ৬৩৫৫৯ | ০১৭১৫ ৬৫৩৬৬৭ | xen.hobiganj@lged.gov.bd |
| ১৩. | জনাব ফিরোজ আলম চৌধুরী | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল | ৬৩৫১১ | ০১৭২৬ ৫০৮৫০৩ | alamfiroz@dphe.gov.bd |
| ১৪. | জনাব প্রকৌঃ প্রনজিৎ কুমার | নির্বাহী প্রকৌশলী, বিএডিসি | ৬২০০৮ | ০১৭১৭ ৪৩৭৪৩৮ | xen.badc@yahoo.com |
| ১৫. | জনাব মোঃ আঃ কাদির চৌধুরী | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাহুবল | | ০১৭১২ ৭৪৭৭২৫ | |
| ১৬. | জনাব মোঃ ফজলুল হক চৌধুরী সেলিম | চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), উপজেলা পরিষদ, নবীগঞ্জ | | ০১৭১১ ৫৮৮০১২ | |
| ১৭. | জনাব সৈয়দ আহমদুল হক | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর | | ০১৭১১ ১৬৯৪৩২ | |
| ১৮. | জনাব রফিক আহমেদ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাখাই | | ০১৭১৮ ০২১২৭১ | |
| ১৯. | জনাব মোঃ আব্দুল কাদির লস্কর | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুনারুঘাট | | ০১৭১১ ৩৪৮৬৭৬ | |
| ২০. | মিসেস হেনা বেগম | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আজমিরীগঞ্জ (ভাঃ প্রাঃ) | | ০১৭১৯ ৩৪৯৫৮৭ | |
| ২১. | জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম | উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর | ৫২৫০৫ | ০১৭৩০ ৩৩১১৪৩ | unohabiganj@mopa.gov.bd |
| ২২. | জনাব এস এম মুনির উদ্দিন | উপজেলা নির্বাহী অফিসার, বানিয়াচং | ০৮৩২৪ ৫৬০০৩ | ০১৭১২ ৬৪৭৪৫৮ | unobaniachong@mopa.gov.bd |
| ২৩. | জনাব মুহাম্মদ লুৎফর রহমান | উপজেলা নির্বাহী অফিসার, নবীগঞ্জ | ০৮৩২৮ ৫৬০০৩ | ০১৭১৬ ৬৬৯৮৫৭ | unonabiganj@mopa.gov.bd |
| ২৪. | জনাব শারমিন জাহান | উপজেলা নির্বাহী অফিসার, মাধবপুর | ০৮৩২৭ ৫৬০০১ | ০১৮৩২ ১৯০১৫৭ | unomadhabpur@mopa.gov.bd |
| ২৫. | জনাব মোহাম্মদ মাশহুদুল কবীর | উপজেলা নির্বাহী অফিসার, চুনারুঘাট | ০৮৩২৫ ৫৬০০১ | ০১৭১৭ ০০০৭৮৬ | unochunarughat@mopa.gov.yahoo |
| ২৬. | জনাব মোঃ আব্দুল ওয়াদুদ | উপজেলা নির্বাহী অফিসার, বাহুবল | ০৮৩২৩ ৫৬০০১ | ০১৭১৫ ৬২৯৫৬২ | unobahubal@mopa.gov.bd |
| ২৭. | জনাব মীর মোহাম্মদ মাহবুবুর রহমান | উপজেলা নির্বাহী অফিসার, লাখাই | ০৮৩২৬ ৫৬০০১ | ০১৭১৮ ৫১৫০১৭ | unolakhai@mopa.gov.bd |
| ২৮. | জনাব মোঃ রুকনুদ্দিন | উপজেলা নির্বাহী অফিসার, আজমিরীগঞ্জ | ০৮৩২২ ৫৬০১১ | ০১৮১৯ ৯৯৩১৪৩ | unoajmiriganj@mopa.gov.bd |
| ২৯. | জনাব গোপাল চন্দ্র দাস | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | ৫৪৪৪৫ | ০১৭১৮ ৩৫৬০২৭ | ddaehaobiganj@gmail.com |
| ৩০. | জনাব ডাঃ মোঃ জসিম উদ্দীন ভূঁইয়া | উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর | ৫২৩৩৬ | ০১৭১২ ২৬৮৫১১ | ddaehaobiganj@gmail.com |
| ৩১. | জনাব পিযুষ কান্তি দত্ত | উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর | ৬৩৫২৬ | ০১৭১২ ৭৭৩৬৮৫ | dsso.habigonj@gmail.com |

পরের পৃষ্ঠা দ্রষ্টব্য

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৩২. | জনাব মো: আব্দুল মালেক | উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন | ৬১৭১৪ | ০১৭১৫ ৪৫৫৫২৬ | abdusiddiqurrahman63@yahoo.com |
| ৩৩. | জনাব মোহাম্মদ শহীদ উল্যাহ্ | উপ-পরিচালক, বিআরডিবি | ৬৩৪৪৩ | ০১৮১৯ ০৪০৬০৩ | |
| ৩৪. | জনাব আশরাফ উদ্দিন আহম্মদ | জেলা মৎস্য কর্মকর্তা | ৬৩৩৫০ | ০১৭৪০ ২৩৪৬৩৪ | dfohabiganj@fisheries.gov.bd |
| ৩৫. | জনাব মোঃ সিরাজুর রহমান ভূঞা | জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি | ৫৪৩৬৭ | ০১৭৩০ ০৩৮০৮৫ | |
| ৩৬. | বেগম খাদিজা খাতুন | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | ৫৩১৯০ | ০১৯১৫ ৬৪৫৬৮৭ | |
| ৩৭. | জনাব মোঃ আমজাদ হোসেন | জেলা সমবায় কর্মকর্তা | ৬৩৫৩৪ | ০১৭১৬ ৭৭৬৫৪৩ | dco_habi@yahoo.com |
| ৩৮. | জনাব মোহাঃ রেজাউল হক | জি, এম, হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি | ০৮৩৩২ ৫৬৬৪২ | ০১৭৬৯ ৪০০০৩৩ | habiganjpbs@yahoo.com |
| ৩৯. | জনাব মোঃ সুরুজ্জামান | ম্যানেজার, জালালাবাদ গ্যাস | ৬১৯৯৯ | ০১৭১১ ৪০১৫৫৮ | |
| ৪০. | জনাব মোঃ শহীদুল ইসলাম | বিভাগীয় প্রকৌশলী, বিটিসিএল | ৬২৩০০ | ০১৫৫৮ ৪০৪১৬১ | adehobi@yahoo.com |
| ৪১. | জনাব মোঃ আবদুল ওয়াহেদ চৌধুরী | তত্ত্বাবধায়ক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | | ০১৭১৬ ৩৮৮৩২২ | |
| ৪২. | জনাব মোঃ ইকবাল আশরাফ খান | জেলা বাজার  কর্মকর্তা | ৬২৩৪৮ | ০১৭৮৬ ২৪৫১৪৩<br>০১৯১৭ ৪২৩৪১৭ | |
| ৪৩. | জনাব ফিরোজ আলম চৌধুরী | ফরেস্ট রেঞ্জার | | ০১৮২৬ ১২১৬৭৩ | acfforest72@gmail.com<br>dfohabiganj@fishries.gov.bd |
| ৪৪. | জনাব মোঃ ফোরকান আহাম্মদ | মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক | ৬২৪২৭ | ০১৭১৫ ৫৯০১৭৮ | |
| ৪৫. | জনাব মোহাম্মদ গোলাম মোস্তফা সিদ্দিকী | সহকারী পরিচালক, জেলা সঞ্চয় অফিস/ব্যুরো | ৬৩৩৬০ | ০১৮২৪ ৬৮০৪৫০ | |
| ৪৬. | জনাব মোঃ আকরাম হোসেন | সহকারী পরিচালক, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট | ৬১৪৪৯ | ০১৯১১ ৮৬৬২৬৭ | akramho70@gmail.co,m |
| ৪৭. | জনাব মোঃ মুহসীন কবির খান | এজিএম, বিসিক | ৬১৫৮১ | ০১৭৪৯ ৫৭৫৩৪৬ | |
| ৪৮. | জনাব মোহাম্মদ মনির হোসেন | জেলা তথ্য অফিসার | ৬২৫৬৩ | ০১৮১৮ ৩৯৯৬৭৭ | DIOhabi@gmail.com |
| ৪৯. | জনাব মোঃ আলমগীর খান | জেলা সংবাদদাতা, বিটিভি | | ০১৭১২ ৬৭৭১৯২ | alamgir240270@gamil.com |
| ৫০. | জনাব মোতাব্বির হোসেন | সভাপতি, বাংলাদেশ ফার্টিলাইজেশন এসোসিয়েশন | ৬২৬০৯<br>৬৩৪৬৯ | ০১৭১৫ ১৩৬৫৪৩<br>০১৭১১ ৮২৪৫২৯ | |
| ৫১. | জনাব মোহাম্মদ দাউদ হোসেন | উপকর কমিশনার, আয়কর, হবিগঞ্জ | ৬২৫১৩ | ০১৭১২ ১৮৫৮৯৫ | |
| ৫২. | জনাব মোঃ সাইফুর রহমান | সুপারিনটেনডেন্ট, কাস্টম ভ্যাট এন্ড এক্সাইজ কমিশনারিয়েট, হবিগঞ্জ | ৬৩৪৩৪ | ০১৮১৯ ৫০১৬৩০ | |
| ৫৩. | জনাব মোঃ সালাহ্ উদ্দিন | সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস | ৬৩০১৭ | ০১৮১৮ ৮২৪১৩১ | rpohabiganj@gmail.com |
| ৫৪. | জনাব মোঃ মফজুলের রহমান মজুমদার | জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা | ৫৪৩০৭<br>বাসা: ৫৪৩০৬ | ০১৮১৮ ১৯৩৫৯৩ | rahman-mofgul@gmail.com |

## প্রতিনিধির মাধ্যমে উপস্থিত সদস্যবৃন্দ

| ক্র | নাম | পদবী | টেলিফোন | মোবাইল | ই-মেইল/ওয়েবসাইট |
|---|---|---|---|---|---|
| ৫৫. | জনাব হিরেন্দ্র লাল সাহা | মেয়র, মাধবপুর পৌরসভা | ০৮৩২৭ ৫৬১১৫ | ০১৭১৫ ২৪০৩১৬ | |
| ৫৬. | | প্রশাসক, আজমিরীগঞ্জ পৌরসভা (ইউএনও, আজমিরীগঞ্জ দায়িত্বে) | ০৮৩২২ ৫৬০৯৪ | | |
| ৫৭. | জনাব ডা: মোঃ মাহবুবুল আলম | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | ৫২৫৩১ | ০১৭১২ ১৮৯১৬৮ | dloHabiganj2011@gmail.com |
| ৫৮. | জনাব মোঃ রফিকুল ইসলাম | জেলা শিক্ষা কর্মকর্তা | ৫৪৪১৬ | ০১৭১৪ ৩০০৬১৩ | deo_habiganj@yahoo.com |
| ৫৯. | জনাব  মো: শামসুল আলম | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | ৫২৪৮৬ | ০১৭২৭ ৫৪৯৫৩৮ | dpeohobi@gmail.com |
| ৬০. | জনাব মোঃ মহিবুল হক | জেলা খাদ্য নিয়ন্ত্রক | ৫২৩২২ | ০১৭২০ ৪৬৯৭৮৭ | |
| ৬১. | জনাব আ ফ ম মোস্তাফিজুর রহমান | নির্বাহী প্রকৌশলী , বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | ৬২২৩৪ | ০১৭৫৫ ৫৮২৩৪৩ | rehabiganj_bpdb@yahoo.com |
| ৬২. | জনাব মোঃ মিজানুর রহমান<br>জনাব প্রদীপ কুমার দাস | নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর<br>সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর | ৫৪৬৮৯ | ০১৭১১ ৩১৪৮৬৩<br>০১৭১১ ৪৪৯৬৭৩ | |
| ৬৩. | জনাব মোঃ নজরুল ইসলাম | সুপারিনটেন্ডেন্ট, পিটিআই | ৫২৩২১ | ০১৮১৭ ৫৯৪১০০ | |
| ৬৪. | জনাব এস, এম, কামরুল ইসলাম | আঞ্চলিক পরিসংখ্যান কর্মকর্তা, সিলেট | ০৮২১ ৭১৭৬৪৬ | ০১৫৫২ ৩৮৩৭৭৮ | UsohabiganjSadarbbs@gmail.com |
| ৬৫. | জনাব উম্মে কুলসুম | প্রিন্সিপাল, নার্সিং ইন্সটিটিউট/নার্সিং ইন্সট্রাক্টর ইনচার্জ | ৬৩০৫৩ | ০১৭১২ ২১০৯৭৭ | |

পরের পৃষ্ঠা দ্রষ্টব্য

অনুপস্থিত সদস্যবৃন্দ

| নং | নাম | পদবী | টেলিফোন | মোবাইল | ই-মেইল/ওয়েবসাইট |
|---|---|---|---|---|---|
| ৬৬. | জনাব ইকবাল হোসেন খান | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বানিয়াচং | | ০১৭১২ ২০০৯২৬ | |
| ৬৭. | জনাব মোঃ জাকির হোসেন চৌধুরী অসীম | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাধবপুর | | ০১৭১১ ৪৫০৮৩৪ | ashimchairman@yahoo.com |
| ৬৮. | জনাব ড. এ এস এম | মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, ধান গবেষণা | ৫২৫২৫ | ০১৭২১ ৯৬৪০০২ | munnujan-khanam@yahoo.com |
| ৬৯. | জনাব তোফাজ্জল ইসলাম চৌধুরী | মেয়র, নবীগঞ্জ পৌরসভা | ০৮৩২৮ ৫৬১৯১ | ০১৭১৯ ৮৯৬৬৬৬ | |
| ৭০. | জনাব এম এফ আহমদ | মেয়র, শায়েস্তাগঞ্জ পৌরসভা | ০৮৩৩২ ৫৬৭৬১ | ০১৭১১ ১৪২৯১৫ | |
| ৭১. | জনাব মোহাম্মদ আলী | মেয়র, চুনারুঘাট পৌরসভা | ০৮৩২৫ ৫৬১৫৯ | ০১৭১১ ০৫৭৫৬০ | |
| ৭২. | জনাব মোঃ আঃ হাকিম | জেলা রেজিস্ট্রার | ৫৩২০১ | ০১৭১২ ০৮৪৬৮৮ | |
| ৭৩. | জনাব মো: আনোয়ার হোসেন ভূঞা | সহকারী পরিচালক (বীজ বিপণন), বিএডিসি | ০৮৩১ ৫২২১৮ | ০১৮১৪ ৩১২২৮৫ | |
| ৭৪. | জনাব | অধ্যক্ষ, হবিগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট | ৬২৩২০<br>৬২৫৫৩ | | principal.hpi@gamil.com |
| ৭৫. | জনাব হাবিবুর রহমান | অধ্যক্ষ , হবিগঞ্জ টেকনিকেল স্কুল এন্ড কলেজ | ৫২৪৬৫ | ০১৫৫৪ ৩১৪২৬৮ | habibsmails@yahoo.com |
| ৭৬. | জনাব ইসরাত জাহান | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা | ৫৩৩৫৮ | ০১৯১৪ ৮৯১৩৯২ | |
| ৭৭. | জনাব মো: আজিজুল হক | উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স | ৬১১১১ | ০১৭১৭ ১৩৬৭৬৬ | |
| ৭৮. | জনাব মোঃ শাহ আলম | সহকারী পরিচালক, এনএসআই | | ০১৮১৯ ৫৫১৯১৬ | |
| ৭৯. | জনাব শাহাদাত হোসেন | জেলা ক্রীড়া কর্মকর্তা | ৫৩৩২৩ | ০১৭১১ ২৪৯৫৩৯ | |
| ৮০. | জনাব মোঃ আমিরুল কবির | সহকারী পরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরা | ৬২৩৬০ | ০১৮১৬ ৫৮২৭৯৯ | ad.dbinfehabiganj@gmail.com |
| ৮১. | জনাব মোহাম্মদ আলী জিন্নাহ | সহকারী সেটেলমেন্ট অফিসার, হবিগঞ্জ | | ০১৭১১ ৯৩১২৩২ | |
| ৮২. | জনাব এ. এস. এম. আনিসুর রহমান | সহকারী প্রকৌঃ, স্বাস্থ্য প্রকৌঃ অধিদপ্তর, মৌলভীবাজার/হবিগঞ্জ | ০৮৬১ ৫৪৩৬৯ | ০১৭৪০ ৯৯৬০৫১ | |
| ৮৩. | জনাব ডাঃ মোঃ আফজালুর রহমান | মেডিকেল অফিসার, শ্রমকল্যাণ কেন্দ্র, চণ্ডি ছড়া, চুনারুঘাট | | ০১৯৪৬ ৩৯৮৬৭৯ | |
| ৮৪. | জনাব সৌমিত্র পাল চৌধুরী | প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, চুনারুঘাট | | ০১৭৩০ ৯৩৫৪১৪ | CHunarughatPsok@gmail.com |
| ৮৫. | পানি সম্পদ মন্ত্রণালয়, ৭২ গ্রিনরোড, ঢাকা | সদস্য, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন সংস্থা | ০২ ৯১৩৭৩১২<br>০২ ৮১১৬৯০২ | ফ্যাক্স: ০২ ৯১৪৪১৯৫ | |
| ৮৬. | জনাব মোঃ সিরাজুল ইসলাম | সহকারী পরিচালক, বিএসটিআই, সিলেট | ০৮২১ ২৮৭০৯৩৪ | ০১৯১৫ ৪৭৯৫৫৩ | shashi_aust@yahoo.com |
| ৮৭. | জনাব মোঃ আবু মুসা | উপকর কমিশনার, আয়কর, হবিগঞ্জ | ৬২৫১৩ | ০১৭১২ ১৮৫৮৯৫ | |